# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

**বিষয়: সিলেট সিটি কর্পোরেশনে গত ১৭.০৫.২০২৪ তারিখে অনুষ্ঠিত সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মোঃ আনোয়ারুজ্জামান চৌধুরী, মেয়র, সিলেট সিটি কর্পোরেশন

সভার তারিখ ও সময় : ১৭ মে ২০২৪ খ্রিষ্টাব্দ, সকাল ১০:০০ ঘটিকা

স্থান : সিলেট সিটি কর্পোরেশনের সভাকক্ষ

উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর প্রধান নির্বাহী কর্মকর্তাকে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য আহবান জানানো হয়। সভার শুরুতেই পবিত্র কোরআন থেকে তিলাওয়াত করেন জনাব মোহাম্মদ আলী, ইমাম, নগর ভবন মসজিদ, সিলেট সিটি কর্পোরেশন এবং পবিত্র গীতা থেকে পাঠ করেন জনাব জ্যোতিষ চক্রবর্তী, আদায়কারী, কর আদায় শাখা, সিলেট সিটি কর্পোরেশন। অতঃপর সভার আলোচ্যসূচি নিম্নোক্তভাবে উপস্থাপন করা হয়ঃ

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২.১ | **সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটির সভার কার্যবিবরণী** | • চলমান অবকাঠামো প্রকল্পের অগ্রগতি, বর্জ্য ব্যবস্থাপনা ও অন্যান্য বিষয়ে আলোচনা।<br>• নাগরিক জরিপের ফলাফল সংক্রান্ত আলোচনা।<br>• খসড়া বাজেট ২০২৩-২৪ এর উপর আলোচনা।<br>• হোল্ডিং ট্যাক্স বিষয়ক আলোচনা।<br>• নাগরিক জরিপের ফলাফল উপস্থাপন। | • চলমান অবকাঠামো প্রকল্পের অগ্রগতি সম্পর্কে মাসিক সভায় নিয়মিত আলোচনার সুপারিশ করা হয়।<br>• পূর্ববর্তী সভার রেজুলেশন সভার পূর্বে পাঠানোর সুপারিশ করা হয়।<br>• ধর্মীয় প্রতিনিধিগণ তাদের বক্তব্যে | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা<br><br>প্রধান রাজস্ব কর্মকর্তা |

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | | বলেন, অনলাইনের মাধ্যমে নাগরিক সেবা বৃদ্ধি করায় সিসিক কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান এবং ভবিষ্যতে মসজিদ, মন্দির ও বিভিন্ন উপাসনালয় সরকারকে টেক্স প্রদানে আগ্রহ সৃষ্টির জন্য বক্তব্য রাখেন। | |
| ২.২ | **চারটি প্রোডাকশন টিউবওয়েল রিজেনারেশনকরণ সংক্রান্ত** | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পানি) বলেন, প্রোডাকশন টিউবওয়েল এর উৎপাদন ক্ষমতা কমে যাওয়ায় প্রোডাকশন টিউবওয়েল সংক্রান্ত কাজে অভিজ্ঞ পরামর্শক টিউবওয়েলগুলোকে রিজেনারেশন করার করার পরামর্শ দিয়েছেন। আপাতত নিম্নবর্ণিত ৪টি প্রোডাকশন টিউবওয়েল রিজেনারেশন করার সুপারিশ করা হয়: (ক) চৌহাট্টা প্রোডাকশন টিউবওয়েল, (খ) পিটিআই প্রোডাকশন টিউবওয়েল, (গ) করেরপাড়া প্রোডাকশন টিউবওয়েল এবং (ঘ) আনসার ক্যাম্প প্রোডাকশন টিউবওয়েল। প্রাথমিকভাবে চৌহাট্টা প্রোডাকশন | পিপিআর-২০০৮ এর বিধি বিধান অনুসরণপূর্বক চৌহাট্টা প্রোডাকশন টিউবওয়েল রিজেনারেশন কার্যক্রম প্রাক্কলিত ব্যয়ের মধ্যে সম্পাদন করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পানি) |

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

<table>
<tr><th>ক্রম</th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td>টিউবওয়েল রিজেনারেশন এর জন্য ৬,৫৫,৫৮০.০০ (ছয় লক্ষ পঞ্চান্ন হাজার পাঁচশত আশি) টাকার প্রাক্কলন তৈরি করা হয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে পিপিআর-২০০৮ এর বিধি বিধান অনুসরণপূর্বক যথাযথভাবে ব্যয় পরিশোধের বিষয়ে সভায় উপস্থিত সকলে এক্যমত পোষণ করেন।</td><td></td><td></td></tr>
<tr><td>২.৩</td><td>পানি সরবরাহের ফিস বৃদ্ধিকরণ সংক্রান্ত</td><td>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পানি) সিলেট মহানগরে পানির চাহিদা বৃদ্ধি পাওয়ায় নিম্নোক্তভাবে পানি সরবরাহের ফি বৃদ্ধির প্রস্তাব দেন:<br><table>
<tr><td rowspan="2">০১</td><td>আবাসিক</td><td>২০০০ লিটার</td><td>৫০০/-</td><td>১০০০/-</td></tr>
<tr><td>বাণিজ্যিক / প্রাতিষ্ঠানিক</td><td>২০০০ লিটার</td><td>৫০০/-</td><td>১৬০০/-</td></tr>
<tr><td rowspan="2">০২</td><td>আবাসিক</td><td>৫০০০ লিটার</td><td>২০০০/-</td><td>২৫০০/-</td></tr>
<tr><td>বাণিজ্যিক / প্রাতিষ্ঠানিক</td><td>৫০০০ লিটার</td><td>২০০০/-</td><td>৪০০০/-</td></tr>
</table><br>সিটি কর্পোরেশনের রাজস্ব বৃদ্ধিসহ ভর্তুকি এড়ানোর জন্য উল্লিখিত হারে গাড়ি দ্বারা পানি সরবরাহের ফিস পুনঃনির্ধারণের উন্য সভায় উপস্থাপন করা হয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</td><td>পানি সরবরাহের প্রস্তাবিত বর্ধিত ফি আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পানি)</td></tr>
</table>

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | আলোচনান্তে পানি সরবরাহের প্রস্তাবিত বর্ধিত ফি বাস্তবায়নের বিষয়ে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন। | | |
| **২.৪** | **হোল্ডিং কর রিভিউ বোর্ড গঠন সংক্রান্ত** | প্রধান রাজস্ব কর্মকর্তা জানান, ধার্যকৃত হোল্ডিং করের উপর ১ থেকে ২৭ নম্বর ওয়ার্ডের প্রায় ৬০০ জন করদাতা প্রশাসক বরাবরে/নির্দিষ্ট আপত্তি ফরমে কর কমানোর জন্য আপত্তি দাখিল করেছেন। দাখিলকৃত আপত্তিগুলো নিষ্পত্তি ও কর আদায় বৃদ্ধির লক্ষ্যে হোল্ডিং কর রিভিউ বোর্ড গঠন করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সিটি কর্পোরেশনসমূহের (কর) বিধি, ১৯৮৬ এর ৭ (৪) ধারা অনুযায়ী হোল্ডিং কর রিভিউ বোর্ড গঠনপূর্বক করদাতাগণের কর কমানোর আবেদনগুলো নিষ্পত্তির বিষয়ে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন। | আলোচনান্তে সিটি কর্পোরেশনসমূহের (কর) বিধি, ১৯৮৬ এর ৭ (৪) ধারা অনুযায়ী হোল্ডিং কর রিভিউ বোর্ড গঠনপূর্বক করদাতাগণের কর কমানোর আবেদনগুলো নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান রাজস্ব কর্মকর্তা |

৩। পরিশেষে আর কোন বিশেষ আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আনোয়ারুজ্জামান চৌধুরী
মেয়র
সিলেট সিটি কর্পোরেশন

স্মারক নম্বর : ৪৬.০৭.০০০০.০০৪.০৬.১৩.২৪.৬৬৫৮/১৩ তারিখ: ১৭.০৫.২০২৪

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

1. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

2. জনাব সুবর্ণা সরকার, উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
3. শাখা প্রধান, ............................. (সকল), সিলেট সিটি কর্পোরেশন।

স্মারক নম্বর: ৪৬.০৭.০০০০.০০৪.০৬.১৩.২৪.৬৬৫৮/১৩ তারিখ: ১৭.০৫.২০২৪

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):**

1. মেয়র মহোদয়ের একান্ত সচিব, সিলেট (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
2. সংশ্লিষ্ট নথি।

(ইফতেকার আহমেদ চৌধুরী)
প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব)
ই-মেইল: ceo@scc.gov.bd